ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



কৌশানীকে খুঁজে পেলেন সৃজিত

c‡ 7



রিয়ালে ভিনির ১০১, হুমকির মুখে রোনালদোর রেকর্ড

c‡ 8

Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৩২ ● কলকাতা ● ১৯ মাঘ, ১৪৩১ ● রবিবার ● ০২ ফেব্রুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## মধ্যবিত্তের বড় উপহার মোদির, ১২ লক্ষ পর্যন্ত আয়ে দিতে হবে না কর



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

মোদি সরকারের দ্বিতীয় বাজেটে আয়করে বিশাল ছাড় দেওয়া হল মধ্যবিত্তদের । শনিবার নির্মলার বাজেটে আয়কর ছাড়ের পরিমাণ ৭ লক্ষ থেকে বাড়িয়ে করা হল ১২ লক্ষ টাকা পর্যন্ত। সেইসঙ্গে অর্থমন্ত্রীর ঘোষণা, আগামী সপ্তাহে আসছে নতুন আয়কর বিল। একথায় বলা যায়, তৃতীয়বার ক্ষমতায় আসার পরেই আয়কর নিয়ে

এরপর ৩ পাতায়

## মহিলাদের জন্য নয়া স্কিম ঘোষণা নির্মলা সীতারামনের



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

মোদী সরকার তৃতীয়বারের জন্য দিল্লির মসনদ দখল করার পর এই প্রথম পূর্ণাঙ্গ বাজেট (Union Budget 2025) পেশ করছেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। শনিবার সকাল ১১টা থেকে বাজেট পেশ করতে শুরু করেন তিনি। এদিন বাজেটের শুরুতেই কৃষকদের কথা বলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী। কেন্দ্রীয় অর্থমন্ত্রী এদিন ঘোষণা করেন, ক্যান্সার রোগীদের জন্য ৩৬টি জীবনদায়ী ওষুধে শুল্ক মকুব

এরপর ৩ পৃষ্ঠায়

## গভীর ষড়যন্ত্র নিহিত, এই বাজেট বিপর্যয়ের, নিন্দায় অভিষেক



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বাজেটে 'গভীর ষড়যন্ত্র' রয়েছে বলে তোপ দাগল তৃণমূল। এমনই বলেছেন রাজ্যের প্রাক্তন অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অর্থ বিষয়ক প্রধান উপদেষ্টা অমিত মিত্র। কেন ষড়যন্ত্র, সেই ব্যাখ্যা দিতে গিয়ে অমিত বলেছেন,

এরপর ৫ পাতায়






# পাঁশকুড়ায় সিপিআইএম এর সমাবেশ, মানুষকে ঐক্যবদ্ধ করে গণতন্ত্র প্রতিষ্ঠা করতে হবে : সেলিম



**সন্ন্যাসী কাউরী : পাঁশকুড়া**

**১ ফেব্রুয়ারি :** কেন্দ্রের বিজেপি এবং রাজ্যের তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে মানুষকে ঐক্যবদ্ধ করে গণতন্ত্র প্রতিষ্ঠা করার ডাক দিলেন সিপিআইএমের রাজ্য সম্পাদক মহ. সেলিম। শুক্রবার পূর্ব মেদিনীপুর জেলার পাঁশকুড়া পি ডব্লিউ ডি মাঠে সিপিআইএমের জেলা সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে একথা বলেন তিনি। এদিন সিপিআইএম পূর্ব মেদিনীপুর জেলার ২৫ তম সম্মেলন উপলক্ষ্যে প্রকাশ্য সমাবেশের ডাক দেয় সিপিআইএম। মহ. সেলিম ছাড়াও সমাবেশে বক্তব্য রাখেন সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী, রাজ্য নেতৃত্ব দেবলীনা হেমব্রম, অনাদি সাহু , জেলা সম্পাদক নিরঞ্জন সিহি সহ অন্যান্য নেতৃবৃন্দ।

সেলিম বলেন, রাজ্যে লুঠেরাদের রাজত্ব চলছে। শিক্ষক নিয়োগ দুর্নীতি, রেশন দুর্নীতি, স্বাস্থ্যের বেহাল দশা, বালি, গরু, সোনা পাচার সহ একের পর এক পাহাড় প্রমাণ দুর্নীতিতে গোটা রাজ্য ডুবে গেছে। আর তৃণমূলকে টাইট দেওয়ার জন্য যারা ৫৬ ইঞ্চির গল্প শুনিয়েছিল, তারা ২০১৪ থেকে ২০২৫ সাল পর্যন্ত ক্ষমতায় থেকেও দুর্নীতির টিকি খুঁজে পায় নি। তাই মানুষকে ব্যারিকেট গড়ে তুলতে হবে। মানুষকে ঐক্যবদ্ধ করে রাজ্যের গণতন্ত্র ফিরিয়ে আনতে হবে।

এদিনের সভায় সুজন চক্রবর্তী বক্তব্য রাখতে গিয়ে বলেন, কুম্ভ মেলায় মৃত্যুর ঘটনার সমস্ত দায় যোগী আদিত্যনাথকে নিতে হবে। ৪০ লক্ষ মানুষ আসবে বলে রাজনৈতিক বাজার গরম করলেও যথাযথ ব্যবস্থা না থাকায় আজ এতগুলো মানুষের মৃত্যুর ঘটনা ঘটল। কতজন মানুষ মারা গেছে তার সঠিক তথ্য উত্তর প্রদেশ সরকার দিতে পারেনি। প্রকৃত তথ্যকে লোপাট করবার গভীর একটা ষড়যন্ত্র চলছে। সমস্ত ঘটনায় দায়ী যোগী আদিত্যনাথকে নিতে হবে, বলে দাবি করেন সুজন চক্রবর্তী। রাজ্য সরকারের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করে সুজন বলেন, আমাদের সময়ে এই রাজ্যে ঈদ, উৎসবের মতো প্রতিবছর স্কুল সার্ভিস কমিশন, মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে শিক্ষক নিয়োগ হত। আর এখন শিক্ষিত যুবকদের মধ্যে হতাশা ছাড়া কিছু নেই।

এদিন প্রকাশ্য সমাবেশের পর পাঁশকুড়ার রবীন্দ্র নজরুল মঞ্চে শুরু হয় পার্টির অভ্যন্তরীণ জেলা সম্মেলন। সম্মেলনে জেলার বিভিন্ন প্রান্ত থেকে এরিয়া কমিটির সদস্যরা অংশ নেন পতাকা উত্তোলন করে জেলা সম্মেলনের উদ্বোধন করেন প্রাক্তন সংসদ বর্ষিয়ান সিপিআইএম নেতা প্রশান্ত প্রধান। শুক্রবার সন্ধ্যায় প্রতিনিধি সম্মেলন শুরু হলেও শেষ হবে রবিবার অর্থাৎ আজ বিকেলে। সম্মেলনের উদ্বোধন করেন সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্য শ্রীদীপ ভট্টাচার্য। তিন দিন ধরে চলা সম্মেলনে উপস্থিত ছিলেন রাজ্য সম্পাদক মহ. সেলিম, অনাদি সাহু , দেবলীনা হেমরম নিরঞ্জন সেহি সহ অন্যান্য নেতৃবৃন্দ।

## তৃণমূল কর্মী খুনের পরদিনই ব্যারাকপুর পুলিশে রদবদল, সরলেন অলোক, ফের দায়িত্বে অজয়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

তৃণমূল কর্মী খুনের ২৪ ঘণ্টার মধ্যেই ব্যারাকপুরের পুলিশ কমিশনার বদল। সরানো হল আইপিএস অফিসার অলোক রাজোরিয়াকে। তাঁর জায়গায় দায়িত্বে পেয়েছেন অজয় ঠাকুর। ডিআইজি র‍্যাঙ্কের ওই আইপিএস অফিসার এর আগে ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের যুগ্ম পুলিশ কমিশনার (অপরাধ) ছিলেন। কিছু দিন কমিশনারের দায়িত্বও সামলেছেন।

কলকাতার বর্তমান পুলিশ কমিশনার মনোজ বর্মা ব্যারাকপুরের কমিশনার থাকার সময় মুখ্যমন্ত্রীর নিরাপত্তার জন্য তৈরি বিশেষ সুরক্ষা কমিটিতে

এরপর 3 পাতায়







## শিক্ষাপ্রতিষ্ঠানে সরস্বতী পুজো না করার পোস্টার ঘিরে চাঞ্চল্যনবদ্বীপ শহর জুড়ে

**অভিজিৎ সাহা, নবদ্বীপ**

আর একদিন পরেই বিদ্যার দেবী সরস্বতী পুজো। বাগদেবীর আরাধনার ঠিক আগে নবদ্বীপের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সামনে দেখা গেল ক্ষতবিক্ষত কিছু পোস্টার। হলুদ কাগজে লেখা এই পোস্টারগুলি মানুষের মনে বিস্ময় জাগিয়েছে তুলেছে



নবদ্বীপ শহরে। জানাজায়, পোস্টারে লেখা গুলির মূল বিষয়, কোন সরকারি অথবা সরকারি সাহায্যপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মীয় অনুষ্ঠান বা সরস্বতী পূজা করা যাবেনা। যদিও দেখা যায় পোস্টারগুলি এই মুহূর্তে অক্ষত নেই অর্থাৎ সেগুলি ছিঁড়ে ফেলা হয়েছে। কিন্তু স্থানীয় মানুষ এবং অন্যান্যরা জানিয়েছেন, বেশ কয়েকদিন ধরে এই পোস্টারগুলি নবদ্বীপ শহরের

এরপর ৬ পাতায়




(১ম পাতার পর)

# মধ্যবিত্তের বড় উপহার মোদির, ১২ লক্ষ পর্যন্ত আয়ে দিতে হবে না কর

হতে চলেছে বড়সড় রদবদল। উল্লেখ্য, ২০২৪ সালে পূর্ণাঙ্গ বাজেটে নতুন কর কাঠামোর ক্ষেত্রে স্ট্যান্ডার্ড ডিডাকশানের পরিমাণ ৫০ হাজার থেকে বাড়িয়ে ৭৫ হাজার টাকা করেন নির্মলা। তবে এবার সেই কাঠামোর কোন পরিবর্তন হয়নি। অর্থাৎ বেতনভোগীদের ক্ষেত্রে ১২ লক্ষ ৭৫ হাজার টাকা পর্যন্ত আয়ে দিতে হবে না কোন কর । অন্যদিকে এবারের বাজেটে প্রবীণদের জন্যও বড় ঘোষণা করা হয়েছে । তারা ৫০ হাজার থেকে বেড়ে ১ লক্ষ টাকা পর্যন্ত আয়করে ছাড় মিলবে। একথায় বলা যায়, এবারের বাজেটে আয়করের ওপরে বিশেষ নজর দিয়েছে মোদি সরকার ।বাজেট পেশের আগেই শুক্রবার নরেন্দ্র মোদি বলেছিলেন, 'প্রার্থনা করব মা লক্ষ্মী গরিব এবং মধ্যবিত্তদের উপর সদয় হবেন।' এরপরে শনিবার নির্মলার বাজেটে সেই সম্ভাবনাই হল সত্যি । এদিন বাজেট পেশের সময় কেন্দ্রীয় অর্থমন্ত্রী ঘোষণা করেন, ' সরকারি ও বেসরকারি সংস্থার বেতনভোগীদের বছরে ১২ লক্ষ ৭৫ হাজার টাকা পর্যন্ত আয়ে শূন্য রাখা হয়েছে করের পরিমাণ।' অর্থাৎ ১২ লক্ষ টাকা পর্যন্ত আয়ে দিতে হবে না কোন কর ।

(১ম পাতার পর)

# মধ্যবিত্তের বড় উপহার মোদির, ১২ লক্ষ পর্যন্ত আয়ে দিতে হবে না কর

করা হবে । এছাড়া সামাজিক কল্যাণে সারচার্জ মকুব করার প্রস্তাব দেওয়া হয়। খনি অঞ্চলে নয়া স্কিম, জেলা হাসপাতালগুলিতে ক্যান্সার কেয়ার ইউনিট সহ একাধিক ঘোষণা করেন নির্মলা।তিনি জানান, রাজ্যের সঙ্গে পার্টনারশিপে জেলাভিত্তিক প্রোগ্রাম হবে। যার ফলে উপকৃত হবেন এদেশের ১ কোটি ৭০ লক্ষ কৃষক। নির্মলা ঘোষণা করেন, বিহারে মাখানা বোর্ড তৈরি হবে। সেই সঙ্গে দেশেই ভোজ্য তেল উৎপাদন করার ঘোষণা করেন তিনি। ডাল উৎপাদনে আগামী ৬ বছরের মধ্যে ভারত আত্মনির্ভর হবে বলে জানান কেন্দ্রীয় অর্থমন্ত্রী।

এবারের বাজেটে কিষাণ ক্রেডিট কার্ডের লোনের সর্বোচ্চ সীমা বাড়ানোর ঘোষণা করেছেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী। আর ৩ লক্ষ নয়, এবার থেকে ৫ লক্ষ টাকা ঋণ দেওয়া হবে বলে জানান তিনি। একইসঙ্গে ইউরিয়া প্লান্ট তৈরির ঘোষণাও করা হয়। সেই সঙ্গেই তুলো উৎপাদন থেকে সি ফুড রফতানিতে উৎসাহ দেবে কেন্দ্র । ঘোষণা করেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী।

এবারের বাজেটে এদেশের মহিলাদের জন্যেও বড় ঘোষণা করা হয়েছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী জানান, ৫ লক্ষ মহিলা, এসসি এবং এসটিদের জন্য নয়া প্রকল্প আনা হবে। ইতিমধ্যেই এই নিয়ে শুরু হয়েছে জোর চর্চা। তাহলে কি পশ্চিমবঙ্গ সরকারের লক্ষ্মীর ভাণ্ডারকে টেক্কা দিয়ে মহিলাদের জন্য এই উদ্যোগ নিচ্ছে কেন্দ্র? অনেকের মনেই উঁকি দিয়েছে এই প্রশ্ন।

একইসঙ্গে এই বাজেটে আইআইটি এবং মেডিক্যাল কলেজে আসন সংখ্যা বাড়ানো এবং সরকারি বিদ্যালয়ে ব্রডব্যান্ড কানেকশনের ঘোষণা করা হয়েছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রীর ঘোষণা, বিজ্ঞান এবং প্রযুক্তির ক্ষেত্রে উৎসাহ বাড়ানোর জন্য সরকারি বিদ্যালয়গুলিতে ৫০ হাজার ল্যাব নির্মাণ করা হবে।

জলশক্তিতে আরও ২৫,০০০ কোটি টাকা বিনিয়োগের ঘোষণা করেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী। এর পাশাপাশি উড়ান স্কিমে আরও গুরুত্ব প্রদানের কথা বলা হয়। এছাড়া বিহারে গ্রিনফিল্ড বিমানবন্দর তৈরি এবং পাটনা বিমানবন্দরের উন্নয়নের কথা ঘোষণা করেন নির্মলা সীতারামন। এবারের বাজেটে পর্যটনে জোর দেওয়া থেকে শুরু করে আইআইটি গবেষণার জন্য আরও বেশি তহবিলের ঘোষণা করা হয়েছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী এদিন জানান, আগামী সপ্তাহে নতুন আয়কর বিল আনা হবে। বিমা ক্ষেত্রে ১০০% এফডিআই, কোম্পানি মার্জ করার প্রক্রিয়া আরও সহজ এবং কেওয়াইসি করার ক্ষেত্রে সরলীকরণ করা হবে বলে ঘোষণা করেন নির্মলা।

# ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট প্রস্তাবকে ঐতিহাসিক বলে বর্ণনা করলেন প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ১ ফেব্রুয়ারি, ২০২৫**

২০২৫-২৬-এর বাজেট প্রস্তাবকে ভারতের উন্নয়নের যাত্রাপথে এক গুরুত্বপূর্ণ মাইলফলক বলে বর্ণনা করলেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। তাঁর মতে, এবারের বাজেটে ১৪০ কোটি ভারতবাসীর আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেছে এবং প্রত্যেক নাগরিকের স্বপ্ন পূরণের পথ আরও সহজ হয়ে উঠেছে।

শ্রী মোদী বলেন, দেশের যুবশক্তির জন্য বেশ কয়েকটি ক্ষেত্রের দ্বার উন্মুক্ত করা হয়েছে। বিকশিত ভারত গঠনের স্বপ্নকে সফল করে তুলতে উদ্যোগী হবেন সাধারণ নাগরিকরাই। প্রধানমন্ত্রী বিশেষ জোর দিয়ে বলেছেন যে এবারের বাজেট দেশবাসীর শক্তি বৃদ্ধির কাজে সহায়তা করবে যার মধ্য দিয়ে বিনিয়োগ, সঞ্চয়, পণ্যের ব্যবহার এবং উন্নয়ন বাস্তবায়িত হবে। জনকল্যাণমুখী এই বাজেটের জন্য কেন্দ্রীয় অর্থ ও কর্পোরেট বিষয়ক

এরপর ৬ পাতায়

(২ পাতার পর)

# তৃণমূল কর্মী খুনের পরদিনই ব্যারাকপুর পুলিশে রদবদল, সরলেন অলোক, ফের দায়িত্বে অজয়

দায়িত্ব পেয়েছিলেন। সেই সময় অজয়কে কিছু দিনের জন্য ব্যারাকপুরের পুলিশ কমিশনার করে নিয়ে আসা হয়। ডিআইজি র‍্যাঙ্কের আধিকারিক অলোক পরে ব্যারাকপুরের সিপি হন।কারা বিভাগের ডিআইজি হিসাবে কর্মরত অজয়কে শনিবার থেকে ব্যারাকপুরের সিপির দায়িত্ব দিল নবান্ন। অন্য দিকে, অলোককে সরিয়ে ট্র্যাফিক পুলিশের ডিজির দায়িত্ব দেওয়া হয়েছে। অন্য দিকে, এসপি (ট্র্যাফিক) থেকে সরিয়ে আইপিএস অফিসার রাজনারায়ণ মুখোপাধ্যায়কে দেওয়া হয়েছে সেকেন্ড ব্যাটেলিয়নের কমান্ডিং অফিসারের দায়িত্ব। নবান্ন যদিও বিষয়টিকে 'রুটিন বদলি' হিসাবেই জানিয়েছে। তবে ব্যারাকপুরে একের পর এক গুলি এবং বোমাবাজির ঘটনার প্রেক্ষিতে এই রদবদল যথেষ্ট 'তাৎপর্যপূর্ণ' বলেই মনে করা হচ্ছে।গত কয়েক মাসে ব্যারাকপুর পুলিশ কমিশনারেট এলাকায় একের পর এক অপরাধের ঘটনা ঘটেছে। প্রকাশ্য দিবালোকে একাধিক গুলি চালনার ঘটনা ঘটেছে। গত জানুয়ারি মাসে ব্যারাকপুরের পুলিশ কমিশনারের অফিসের কাছে পাইপ রোডে গুলি চলে। গুলিবিদ্ধ হন মহম্মদ ইমদাদ নামে স্থানীয় এক যুবক। ওই ঘটনায় তিন জনকে গ্রেফতার করে হলেও রাজনৈতিক মহলে শোরগোল শুরু হয়েছিল। শুক্রবারও নৈহাটিতে গুলি চলে। গুলিবিদ্ধ হয়ে মারা যান সন্তোষ ঠাকুর নামে ৩৫ বছরের এক যুবক। এর পর কার্যত রণক্ষেত্র হয়ে ওঠে নৈহাটির গৌরীপুর এলাকা। ব্যারাকপুরের তৃণমূল সাংসদ পার্থ ভৌমিক অভিযোগ করেন, এলাকার প্রাক্তন সাংসদ অর্জুন সিংহের ঘনিষ্ঠ এই ঘটনার আততায়ী। থারুয়া রাজেশ নামে এক জনের নামও তিনি উল্লেখ করেন। অভিযোগ উড়িয়ে অর্জুন জানান, জমি দখলদারি নিয়ে এই খুনোখুনি। এর আগে রাজেশের উপর হামলা হয়েছিল বলেও দাবি করেন প্রাক্তন সাংসদ। এই শোরগোলের মধ্যে ব্যারাকপুরের সিপি-বদল।

## সম্পাদকীয়

### IO-র বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগ! কড়া নির্দেশ দিয়ে দিলেন 'ক্ষুব্ধ' বিচারপতি

মামলার তৎকালীন তদন্তকারী অফিসারের বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগ। এবার তাঁকেই বিচারবিভাগীয় হেফাজতের নির্দেশ দিয়ে দিলেন বিচারক। সরকারি আইনজীবী সৌমেন দত্ত নিজে একথা জানিয়েছেন। শুক্রবার এই নির্দেশ দেন তমলুকের জেলা ও দায়রা আদালতের (২য়) বিচারক।এদিকে এই খবর প্রকাশ্যে আসতেই আদালত চত্বরে উপস্থিত হন বেশ কয়েকজন পুলিশ অফিসার, প্রশাসনের আধিকারিকরা। আইনজীবীদের একাংশও ওই পুলিশ আধিকারিককে দ্রুত মুক্তির দাবি জানাতে থাকেন। তবে এই ঘটনায় আইনজীবীদের আরেকটি অংশের বক্তব্য শোনার পর পুরনো রায় বহাল রাখেন বিচারক। এই নিয়ে উত্তাল পরিস্থিতি তৈরি হয় আদালত চত্বরে।

তৎকালীন তদন্তকারী অফিসারকে বিচারবিভাগীয় হেফাজতে নেওয়ার নির্দেশ প্রসঙ্গে এই মামলার সরকারি আইনজীবী সৌমেন দত্ত বলেন, 'পারিবারিক বিবাদ ঘিরে কোলাঘাট থানার একটি মামলার শুনানি শুরু হয় ২০১৯ সালে। তবে বিগত প্রায় ৪ বছর ধরে ওই মামলা চলার পরেও তদন্তকারী পুলিশ অফিসার আদালতে সাক্ষ্য দেওয়ায় গড়িমসি করছিলেন। ফলে আদালত অবমাননার অভিযোগে ওই তদন্তকারী অফিসারের বিরুদ্ধে বেশ কয়েকবার গ্রেফতারি পরোয়ানা জারি করার পর এদিন সব দিক বিবেচনা করে বিচারক এই নির্দেশ দিয়েছেন' ।নির্দেশ দেওয়ার পরেই উত্তাল হয়ে ওঠে আদালত চত্বর।আদালত সূত্র উদ্ধৃত করে একটি নামি সংবাদমাধ্যমের প্রতিবেদনে দাবি করা হয়েছে, ঘটনাটি ২০১৮ সালের জুন মাসের। পারিবারিক বিবাদকে কেন্দ্র করে কোলাঘাট থানায় একটি মামলা দায়ের করা হয়েছিল। সালুকা গ্রাম নিবাসী গৃহবধূ তনুজা খাতুন খুনের চেষ্টার অভিযোগ আনেন। একইসঙ্গে অভিযোগ ওঠে, ২ মহিলা সহ পরিবারের বাকি সদস্যদের বেধড়ক মারধর করা হয়েছে।

মামলা দায়ের হওয়ার পর তদন্তে নামে কোলাঘাট থানার পুলিশ। সেই মামলার তদন্তকারী অফিসার ছিলেন ওই থানার তৎকালীন এসআই সুব্রত দাশগুপ্ত। বর্তমানে তিনি বদলি হয়ে হাওড়ার দাসনগর থানায় রয়েছেন। ২০১৯ সাল থেকে তমলুক থানায় এই মামলার শুনানি শুরু হয়। আদালতের তরফ থেকে মামলার তদন্তকারী অফিসারকে একাধিকবার সমন পাঠানো হয়। তবে আইন-শৃঙ্খলার কাজে ব্যস্ত থাকার কারণ দেখিয়ে আদালতে উপস্থিত হননি তিনি।

বদলি হওয়া ওই তদন্তকারী অফিসারের কার্যকলাপ নিয়ে মামলার পর্যবেক্ষণে অসন্তোষ প্রকাশ করে তা লিপিবদ্ধ করেন বিচারক। অভিযোগ, পরবর্তীতে মামলার নিষ্পত্তিতে সংশ্লিষ্ট পুলিশ আধিকারিককে আদালতে উপস্থিত হওয়ার নির্দেশ দিয়ে কার্যত গ্রেফতারি পরোয়ানা জারি করা হয় আদালতের তরফ থেকে। তবে অভিযোগ, তা সত্ত্বেও ওই পুলিশ আধিকারিক উপস্থিত হননি।

এরপর গত ৬ জানুয়ারি ওই মামলার তৎকালীন তদন্তকারী অফিসারের বিরুদ্ধে জামিন অযোগ্য ধারায় গ্রেফতারি পরোয়ানা জারি করে আদালত। এরপর গত শুক্রবার ইউনিফর্মেই আদালতে হাজিরা দেন সুব্রত দাশগুপ্ত। শুনানির সময় ওই অফিসারকে বলা হয়, কেন তাঁকে বিচারবিভাগীয় হেফাজতে নেওয়া হবে না তার কারণ দেখাতে। শেষমেশ বিচারকের কাছে ক্ষমা প্রার্থনা করেন ওই পুলিশ আধিকারিক। তবে শেষ অবধি বিচারক তাঁকে একদিনের বিচারবিভাগীয় হেফাজতের নির্দেশ দেন।

## আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার

(ছাব্বিশতম পর্ব)



পরিচিত ছিল। খাল পেরিয়ে চৌরঙ্গীর জঙ্গল, ভবানীপুর হয়ে রাস্তাটি কালীঘাটে শেষ হয়।

১৬৮৬ খৃষ্টাব্দে জব চার্ণক ব্যান্ডেল ছেড়ে সুতালুটিতে চলে এসেছেন। ধীরে ধীরে ইংরেজ পর্তুগীজ সহ অন্যান্য দেশীয়রা কলকাতায় বসবাস শুরু করছে।

তখনও সেকালের সুতালুটি, কলকাতা ও গোবিন্দপুরের চারদিক ভীষণ জঙ্গলে ঢাকা। একদিকে শেয়ালদা অন্যদিকে হাওড়া ও দক্ষিণে চৌরঙ্গী, কালীঘাট, ভবানীপুর জায়গা কেবলমাত্র খাত, পাঁকে ভরা বাদাতে পরিপূর্ণ।

এরই ভেতরে ১৬৯৬ খৃষ্টাব্দে

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## দিল্লির উন্নয়নের জন্য বিজেপিকে ভোট দিন: মুর্মু

নভেশ কুমার, সিনিয়র সাংবাদিক

**নয়াদিল্লি, 1 ফেব্রুয়ারি 2025 (এজেন্সি)।** মালদা উত্তর, পশ্চিমবঙ্গের বিজেপি সাংসদ খগেন মুর্মু আজ দিল্লির বহুমুখী উন্নয়নের জন্য বিজেপিকে ভোট দেওয়ার আহ্বান জানিয়েছেন।

মিঃ মুর্মু সন্ধ্যায় নির্বাচনী সভা এবং ঘরে ঘরে জনসংযোগ প্রচারের সময় জনগণের কাছে এই আবেদন করেছিলেন। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তরপ্রদেশের খলিলাবাদ সন্ত কবির নগরের বিজেপি বিধায়ক অঙ্কুর রাজ তিওয়ারি। সাংসদ বলেছিলেন যে আপনারা সবাই জানেন যে দিল্লি বিধানসভা নির্বাচন 5 ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে এবং বিজেপির মিঃ রোহতাস বিধুরি আপনার বিধানসভা কেন্দ্র তুঘলকাবাদ থেকে প্রার্থী।

সাংসদ মুর্মু বলেন, আপনারা দেখেছেন যে এএপি গত 12 বছর ধরে দিল্লিতে ক্ষমতায় রয়েছে কিন্তু এখানে কোনও উন্নয়ন কাজ করা হয়নি। এখানকার রাস্তাঘাট ভাঙ্গা। যত্রতত্র আবর্জনার স্তূপ। সবচেয়ে খারাপ অবস্থা পানীয় জলের। মানুষ বিশুদ্ধ খাবার পানি পাচ্ছে না। এলাকায় শিক্ষার জন্য কোনো স্কুল-কলেজ নেই। আশেপাশে ভালো হাসপাতাল না থাকায় মানুষকে যেতে হয় অনেক দূরে, অথচ একসময় তুঘলকাবাদ ছিল রাজধানী।

কেন্দ্রীয় সরকারের বাজেটের প্রশংসা করে শ্রী মুর্মু বলেন, আপনারা জেনে খুশি হবেন যে আজ যে বাজেট এসেছে তাতে আমাদের সরকার সাধারণ মানুষের জন্য অনেক কল্যাণমূলক ঘোষণা করেছে। যাদের বার্ষিক আয় ১২ লাখের কম তাদের এখন কোনো ট্যাক্স লাগবে না। সেই সঙ্গে ৩৬ ধরনের ক্যানসারের ওষুধ সস্তা করা হয়েছে। অনেক নিত্যপ্রয়োজনীয় জিনিস সস্তা করা হয়েছে। দিল্লির উন্নয়নে নজর দেওয়া হয়েছে।

শ্রী মুর্মু মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র ভাই মোদী এবং দিল্লি ও তুঘলকাবাদ বিধানসভা কেন্দ্রের উন্নয়নের জন্য বিজেপি প্রার্থীকে ভোট দিয়ে দিল্লিতে বিজেপি সরকার গঠনের আবেদন করেছেন।

## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সব থেকে পরিচিত বোধহয় সেই স্তম্ভরূপী শিবের গল্প, যেখানে হংসের রূপ নিয়ে ব্রহ্মা স্তম্ভের শীর্ষ আর বরাহের রূপ নিয়ে বিষ্ণু তার তলদেশ নির্ণয়ের চেষ্টা করে ব্যর্থ হন, ব্রহ্মা আবার মিথ্যে করে বলেন, তিনি শীর্ষদেশ দেখতে পেয়েছেন, তাতে শিব অভিশাপ দেন— ভারতে আর ব্রহ্মার পূজা হবে না।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

(১ম পাতার পর)

# গভীর ষড়যন্ত্র নিহিত, এই বাজেট বিপর্যয়ের, নিন্দায় অভিষেক

''বিমা ক্ষেত্রে ১০০ শতাংশ প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগের ঘোষণা করা হয়েছে।কেন্দ্রীয় বাজেট পেশের পরেই সংসদের বাইরে তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেছেন, বিহারকে তুষ্ট করার জন্য বাজেট করা হয়েছে। কারণ, চলতি বছরের শেষেই বিহারে ভোট। অভিষেক বলেছেন, ''আগের বাজেটে সব সুবিধা দেওয়া হয়েছিল অন্ধ্রপ্রদেশ ও বিহারকে। এখন অন্ধ্রপ্রদেশে নির্বাচন হয়ে গিয়েছে। তাই ওরা বিহারের দিকে মন দিয়েছে।'' তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদকের বক্তব্য, ''যখন বাংলা থেকে ১৮ জন বিজেপি সাংসদ নির্বাচিত হয়েছিলেন, তখনও বাংলা কিছুই পায়নি। এখনও বাংলার ১২ জন বিজেপি সাংসদ রয়েছেন। কিন্তু তা-ও বাংলা কিছুই পেল না! এই ১২ জন সাংসদ এর বিরুদ্ধে প্রতিবাদও করবেন না। বাংলা বরাবর বঞ্চিত হয়েছে। এ বারেও তার পুনরাবৃত্তি ঘটল।''কিন্তু ১৮ শতাংশ জিএসটি নেওয়া বন্ধ হচ্ছে না। এই দু'টি বিষয় কি সম্পর্কযুক্ত নয়? এর ফলে কি আন্তর্জাতিক লবি লাভবান হবে না? তাদের সুবিধা করে দিতেই কি এই পদক্ষেপ?''

উল্লেখ্য, স্বাস্থ্য-সহ সমস্ত বিমায় জিএসটি প্রত্যাহারের প্রথম দাবি তুলেছিলেন কেন্দ্রেরই মন্ত্রী নিতিন গডকড়ি। কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে গত বছর চিঠি লিখে নিতিন দাবি করেছিলেন, যে নাগরিক তাঁর স্বাস্থ্যের জন্য বিমা করেন, তাতে জিএসটি নেওয়া চাপ বৃদ্ধি করা ছাড়া কিছুই নয়। একই দাবিতে নির্মলাকে দু'টি চিঠি লিখেছিলেন বাংলার মুখ্যমন্ত্রী মমতাও। সেই জিএসটি-র হার শূন্য করা তো দূরে থাক, ১ বা ২ শতাংশও কমানো হয়নি। পাশাপাশিই, বিমা ক্ষেত্র ১০০ শতাংশ প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগের জন্য উন্মুক্ত করে দেওয়া হল। যাকে বৃহত্তর ষড়যন্ত্র হিসাবেই দেখছে তৃণমূল। অমিতের কথায়, ''এই বাজেট বিপর্যয়ের বাজেট। মানুষের জীবনযন্ত্রণা আরও বাড়বে।''

কেন্দ্রীয় বাজেটে আয়কর ছাড়ের উর্ধ্বসীমা বৃদ্ধি করে সাত লক্ষ টাকা থেকে ১২ লক্ষ টাকা করা হয়েছে। যাকে মধ্যবিত্তের জন্য 'যুগান্তকারী' সিদ্ধান্ত বলে অভিহিত করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কিন্তু তৃণমূল পাল্টা প্রশ্ন তুলেছে, ১৪০ কোটির ভারতে কত লোক মাসে এক লক্ষ টাকা রোজগার করেন? উৎপাদন ক্ষেত্র থেকে সামাজিক সুরক্ষার প্রসঙ্গ তুলে অমিত বলেছেন, মানুষের জীবনের সঙ্গে জড়িয়ে থাকা বিষয়গুলিকেই গুরুত্ব দেওয়া হয়নি বাজেটে। সামাজিক সুরক্ষা খাতে ৫ শতাংশ বরাদ্দ ছাঁটা হয়েছে। খাদ্য সরবরাহের ক্ষেত্রেও ভর্তুকি ১ শতাংশ কমিয়েছে কেন্দ্র। তৃণমূলের দাবি, এগুলি থেকেই স্পষ্ট কেন্দ্রীয় সরকারের অভিমুখ কী, কাদের তারা খুশি করতে চেয়েছে।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line - 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্তা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# দেশের সরকারি স্কুলগুলিতে আগামী পাঁচ বছরের মধ্যে ৫০,০০০ অটল টিঙ্কারিং ল্যাব গড়ে তোলার প্রস্তাব করলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী

**নয়াদিল্লি, ১ ফেব্রুয়ারি, ২০২৫**

২০২৫-২৬ অর্থ বছরের কেন্দ্রীয় বাজেট পেশকালে কেন্দ্রীয় অর্থ ও কর্পোরেট বিষয়ক মন্ত্রী শ্রীমতী নির্মলা সীতারমন উদ্ভাবন প্রচেষ্টাকে উৎসাহদানের লক্ষ্যে বেশ কয়েকটি উন্নয়নমুখী পদক্ষেপের কথা ঘোষণা করেন।

আজ সংসদে বাজেট পেশকালে তিনি ঘোষণা করেন যে আগামী পাঁচ বছরের মধ্যে দেশের সরকারি স্কুলগুলিতে ৫০,০০০ অটল টিঙ্কারিং ল্যাব গড়ে তোলা হবে। এর লক্ষ্য হল, ছাত্রছাত্রীদের মধ্যে জানার আগ্রহ বাড়িয়ে তোলা এবং তাদের উদ্ভাবন প্রচেষ্টাকে উৎসাহিত করা। শুধু তাই নয়, তরুণ ছাত্রছাত্রীদের মধ্যে বৈজ্ঞানিক মানসিকতা গড়ে তোলাও হল এর আরেকটি উদ্দেশ্য। ভারত নেট প্রকল্পের আওতায় সরকারি মাধ্যমিক স্কুল এবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ব্রডব্যান্ড সংযোগ সম্প্রসারণেরও প্রস্তাব করা হয়েছে এবারের বাজেটে।

অন্যদিকে, উচ্চশিক্ষার জন্য ২০২৫-২৬-এর বাজেট ভাষণে বলা হয়েছে যে দেশের ২৩টি আইআইটি-তে ছাত্রছাত্রীর সংখ্যা গত ১০ বছরে ১০০ শতাংশ বৃদ্ধি পেয়ে ৬৫ হাজার থেকে ১ লক্ষ ৩৫ হাজারে উন্নীত হয়েছে। ২০১৪-র পরে যে পাঁচটি আইআইটি স্থাপন করা হয়েছে সেখানে অতিরিক্ত পরিকাঠামোগত সুযোগ-সুবিধাও সম্প্রসারিত হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী। এছাড়াও, আইআইটি-গুলিতে হস্টেল সহ অন্যান্য পরিকাঠামোগত ব্যবস্থারও সম্প্রসারণ ঘটানো হবে।

ছাত্রছাত্রীরা যাতে তাদের পাঠ্য বিষয়গুলিকে ভালোভাবে আয়ত্ত করতে পারে, সেই লক্ষ্যে ভারতীয় ভাষা পুস্তক কর্মসূচি রূপায়ণের প্রস্তাব করেছেন শ্রীমতী নির্মলা সীতারমন। তিনি জানিয়েছেন যে স্কুল এবং উচ্চশিক্ষার জন্য ভারতীয় ভাষার প্রকাশিত বইগুলিকে ডিজিটাল আকারে প্রকাশ করা হবে।

বাজেট ঘোষণাকালে কেন্দ্রীয় অর্থমন্ত্রী দক্ষতা বিকাশের লক্ষ্যে পাঁচটি জাতীয় উৎকর্ষ কেন্দ্র স্থাপনেরও প্রস্তাব করেছেন। 'মেক ইন ইন্ডিয়া, মেক ফর দ্য ওয়ার্ল্ড' কর্মসূচির জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জনের কাজে এই উৎকর্ষ কেন্দ্রগুলি বিশেষভাবে সাহায্য করবে। পাঠ্যসূচি স্থির করা, প্রশিক্ষকদের প্রশিক্ষণদান এবং দক্ষতা বিকাশ সম্পর্কিত শংসাপত্রদানের জন্য একটি বিশেষ কাঠামোও গড়ে তোলা হবে। সমগ্র বিষয়টিকে সময়ে সময়ে পর্যালোচনা করে দেখার প্রস্তাবও রাখা হয়েছে এবারের কেন্দ্রীয় বাজেটে।

শিক্ষার জন্য কৃত্রিম মেধাশক্তি সম্পর্কিত একটি উৎকর্ষ কেন্দ্র গড়ে তোলার প্রস্তাবও রয়েছে এবারের বাজেটে। এজন্য সংস্থান রাখা হবে ৫০০ কোটি টাকার।

আজ সংসদে বাজেট পেশকালে শ্রীমতী নির্মলা সীতারমন ঘোষণা করেন যে বেসরকারি পর্যায়ে গবেষণা, উন্নয়ন ও উদ্ভাবন প্রচেষ্টাকে উৎসাহদানের লক্ষ্যে ২০ হাজার কোটি টাকার সংস্থান রাখা হবে। আগামী পাঁচ বছরের মধ্যে প্রধানমন্ত্রী রিসার্চ ফেলোশিপ কর্মসূচির আওতায় আইআইটি এবং আইআইএসসি-গুলিতে প্রযুক্তিগত গবেষণার স্বার্থে ১০ হাজার ফেলোশিপ দানের ব্যবস্থার কথাও জানিয়েছেন তিনি। প্রয়োজনে আর্থিক সহায়তার মাত্রাকে আরও বাড়ানো হবে বলেও ঘোষণা করেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী।

(২ পাতার পর)

# শিক্ষাপ্রতিষ্ঠানে সরস্বতী পুজো না করার পোস্টার ঘিরে চাঞ্চল্যনবদ্বীপ শহর জুড়ে

বিভিন্ন বিদ্যালয়ের দেওয়ালে কিংবা বিদ্যালয়ের সামনের দেওয়ালে লাগানো হয়েছে,কিন্তু কে বা কারা এই পোস্টারগুলি মারলো? তাহলে এবার কি সত্যিই শিক্ষা প্রতিষ্ঠানে সরস্বতী পূজা হবে না? এবিষয়ে নবদ্বীপ আর সি বি সারস্বত মন্দিরের প্রধান শিক্ষক তথা জাতীয় শিক্ষক বিজন কুমার সাহা বললেন বৈদিক যুগ থেকে এই পুজো হয়ে আসছে। আমরা জেনে এসেছি স্বরস্বতী বিদ্যার দেবী। চিরাচরিত প্রথা মেনেই পুজো হয়ে আসছে এই পুজো কি করে বন্ধ হওয়া সম্ভব। প্রত্যেক ধর্মেরই বিভিন্ন পূজা পাঠ হয়। শিক্ষার পিঠ স্থানে স্বরস্বতী পুজো হবে না তা কি করে সম্ভব। শিক্ষার পিঠস্থানে শারীরিক চর্চা,চারিত্রিক গঠন সাংস্কৃতিক অনুষ্ঠান, স্বরস্বতী পুজো হয়ে আসছে বৈদিক যুগ থেকে। হিন্দুদের পুজোয় যেমন ছুটি দেওয়া হয় ঠিক মুসলমান, বৌদ্ধ খ্রিস্টান যেকোনো সম্প্রদায়ের অনুষ্ঠানে ছুটি দেওয়া হয়। আমাদের সারস্বত মন্দির স্কুলের দেওয়ালে এরকম পোস্টার মেরেছে জানা নেই,কে বা কারা মেরেছে তা ঠিক করেনি। আমার তো মনে হয় কেউ এরকম ভাবে বন্ধ করতে পারবে না।

প্রাচীন মায়াপুর জাতীয় বিদ্যালয় বয়েজ এবং গার্লস বিদ্যালয় এর এলাকার অমল সাহা বলেন আমরা সপ্তাহখানেক ধরে এই ধরণের পোস্টার দেখতে পাচ্ছি। পোস্টারে নাস্তিক সংস্থা বলে লেখা রয়েছে। কিন্তু পোস্টার গুলো এখন ছেড়া অবস্থায়। এলাকার শিক্ষক ছাত্রছাত্রী সকলেই ক্ষিপ্ত। ছাত্র সংগঠনের শুভ সাহা বলেন কে বা কারা রাতের অন্ধকারে পোস্টার গুলো মেরেছে আমাদের জানা নেই। আমরা দীর্ঘদিন থেকে বিদ্যালয়ে সরস্বতী পুজো করে আসছি l ছাত্র-ছাত্রীরা বলছে যদি হিম্মত থাকে রাতের অন্ধকারে না এ ধরনের পোস্টার মেরে দিনের আলোতে মারুক আমাদের সামনে, দেখি কত ক্ষমতা। এই ধরনের পোস্টার পড়ার ফলে নবদ্বীপ শহরের ছাত্রসমাজ শিক্ষক-শিক্ষিকা সহ-সাধারণ মানুষ চিন্তা গ্রস্ত এবং শিক্ষাকে কুলুষিত করার চেষ্টা চলছে এক শ্রেণীর মানুষের।

(৩ পাতার পর)

# ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট প্রস্তাবকে ঐতিহাসিক বলে বর্ণনা করলেন প্রধানমন্ত্রী

মন্ত্রী শ্রীমতী নির্মলা সীতারমনকে অভিনন্দনও জানিয়েছেন প্রধানমন্ত্রী।

শ্রী মোদী বলেন যে বাজেটে সাধারণত সরকারি কোষাগার কিভাবে পূর্ণ করা যায়, সেদিকেই লক্ষ্য রাখা হয়। কিন্তু এবারের বাজেটে সাধারণ নাগরিকের ঝুলি কিভাবে ভরিয়ে তোলা যায়, সেদিকেই নজর দেওয়া হয়েছে। এর ফলে তাঁদের যেমন সঞ্চয় বৃদ্ধি পাবে, সেইসঙ্গে তাঁরা হয়ে উঠবেন দেশের উন্নয়ন প্রচেষ্টার বিশেষ অংশীদার। উন্নয়নের লক্ষ্যমাত্রা পূরণে এবারের বাজেট এক নতুন দিশা দেখিয়েছে বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী।

শ্রী মোদী বলেন, এবারের বাজেটে সংস্কার প্রচেষ্টার লক্ষ্যে কয়েকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণের প্রস্তাব করা হয়েছে। বেসরকারি প্রচেষ্টায় পরমাণু জ্বালানিশক্তি উৎপাদনকে উৎসাহদান এক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত বলে বর্ণনা করেন তিনি। তাঁর মতে, অসামরিকভাবে পরমাণু শক্তির ব্যবহার দেশের উন্নয়নকে আরও জোরদার করে তুলবে। এবারের বাজেটে সবক'টি কর্মসংস্থান ক্ষেত্রের ওপর গুরুত্বদানের বিষয়টিকে এক বিশেষ পদক্ষেপ বলে বর্ণনা করেছেন প্রধানমন্ত্রী। জাহাজ নির্মাণ শিল্পকে পরিকাঠামোর মর্যাদা দেওয়ার বিষয়টিকে স্বাগত জানিয়ে শ্রী মোদী বলেন যে এর ফলে ভারতে জাহাজ নির্মাণ শিল্প আরও শক্তিশালী হয়ে উঠবে। এছাড়াও, আত্মনির্ভর ভারত অভিযানকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার কাজকেও তা আরও সহজ করে তুলবে বলে মনে করেন তিনি। দেশের ৫০টি পর্যটন স্থানে হোটেল নির্মাণ ব্যবস্থাকে পরিকাঠামোর আওতায় নিয়ে আসার ফলে দেশে পর্যটনের প্রসার ঘটবে বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন যে এর ফলে আতিথেয়তা ক্ষেত্রে কর্মসংস্থানের বিশেষ সুযোগ ও সম্ভাবনা সৃষ্টি হবে।

প্রধানমন্ত্রী বলেন, 'বিকাশ ভি বিরাসত ভি' মন্ত্রকে সম্বল করে দেশ এখন উন্নয়ন ও অগ্রগতির পথে এগিয়ে চলেছে। ১ কোটি পাণ্ডুলিপিকে জ্ঞান ভারতম মিশনের আওতায় সংরক্ষণের যে প্রস্তাব করা হয়েছে, তাকেও একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ বলে বর্ণনা করেছেন শ্রী নরেন্দ্র মোদী। এছাড়াও, একটি জাতীয় ডিজিটাল রিপোজিটরি গঠনের প্রস্তাব ভারতীয় জ্ঞান আহরণ প্রচেষ্টার ঐতিহ্যকে ধরে রাখতে সাহায্য করবে বলেও মনে করেন প্রধানমন্ত্রী।

এবারের বাজেটে দেশের কৃষকদের স্বার্থে যে সমস্ত কর্মসূচির কথা ঘোষণা করা হয়েছে, তা দেশের কৃষিক্ষেত্রে এক নতুন বিপ্লব সম্ভব করে তুলবে বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন যে এর ফলে সার্বিকভাবে লাভবান হবে দেশের গ্রামীণ অর্থনীতি। 'প্রধানমন্ত্রী ধন ধান্য কৃষি যোজনা'র আওতায় সেচ ও পরিকাঠামো উন্নয়ন ব্যবস্থার প্রসার ঘটবে দেশের ১০০টি জেলায়। কিষাণ ক্রেডিট কার্ডের সর্বোচ্চ সীমা ৩ লক্ষ টাকা থেকে ৫ লক্ষ টাকায় উন্নীত করার প্রস্তাব কৃষকদের আর্থিক দিক থেকে সহযোগিতার যোগান দেবে বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী। ১২ লক্ষ টাকা পর্যন্ত আয়কর ছাড়ের প্রস্তাবকেও স্বাগত জানিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি বলেন যে এর ফলে আয় ও উপার্জনকারী সকল মানুষই বিশেষভাবে উপকৃত হবেন। বিশেষত, মধ্যবিত্ত শ্রেণী এবং যাঁরা কাজে নতুন যোগ দিয়েছেন, তাঁরাও এর ফলে লাভবান হবেন।

নির্মাণ ও উৎপাদন শিল্পকে জোরদার করে তোলার যে কথা বলা হয়েছে এবারের বাজেট প্রস্তাবে তারও বিশেষ প্রশংসা করেছেন প্রধানমন্ত্রী। তিনি বলেছেন, এর ফলে শিল্পোদ্যোগ প্রচেষ্টা এবং সেইসঙ্গে ক্ষুদ্র, মাঝারি ও অণু শিল্প এবং ক্ষুদ্র বাণিজ্যিক প্রচেষ্টা বিশেষভাবে উৎসাহিত হবে। পরিবেশ-বান্ধব প্রযুক্তি, চর্মশিল্প, চামড়ার তৈরি জুতো এবং অন্যান্য সামগ্রী ও খেলনা শিল্পও ন্যাশনাল ম্যানুফ্যাকচারিং মিশনের আওতায় বিশেষ সহায়তা লাভ করবে। বিশ্ব বাজারে ভারতের উৎপাদন সামগ্রী যাতে প্রতিযোগিতায় নামতে পারে, সেই লক্ষ্যে এই ব্যবস্থা বিশেষ কার্যকর হবে বলেই মনে করেন তিনি।

এবারের বাজেট প্রস্তাবকে অনুসরণ করে দেশে বিনিয়োগ প্রচেষ্টার ক্ষেত্রে এক বিশেষ প্রতিযোগিতা গড়ে উঠতে চলেছে বলে মনে করেন প্রধানমন্ত্রী। ক্ষুদ্র, মাঝারি ও অণু শিল্প এবং স্টার্ট-আপ সংস্থাগুলিকে দ্বিগুণ হারে ঋণ সহায়তার ঘোষণাকেও স্বাগত জানান তিনি। তিনি বলেন, তপশিলি জাতি, তপশিলি উপজাতি এবং মহিলা যাঁরা প্রথমবার শিল্প প্রচেষ্টায় সামিল হচ্ছেন, তাঁদের ২ কোটি টাকা পর্যন্ত ঋণ সহায়তাদানের কথাও ঘোষণা করা হয়েছে এবারের বাজেট প্রস্তাবে। শ্রমের মর্যাদাদানের লক্ষ্যে সরকারি অঙ্গীকার ও প্রতিশ্রুতি অনুসরণ করে ই-শ্রম পোর্টালে শ্রমিকদের নথিভুক্তির কথাও ঘোষণা করা হয়েছে। জন বিশ্বাস ২.০-এর মতো নিয়ন্ত্রণমূলক এবং আর্থিক সংস্কার প্রচেষ্টা এবারের বাজেটের আরও একটি গুরুত্বপূর্ণ দিক বলে বর্ণনা করেন প্রধানমন্ত্রী।

পরিশেষে শ্রী মোদী বলেন, এবারের বাজেটের লক্ষ্য শুধুমাত্র বর্তমানই নয়, দেশের ভবিষ্যৎও। এই ঐতিহাসিক বাজেট ঘোষণার জন্য দেশে সকল নাগরিককে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী।

# সিনেমার খবর

## ২০০ কোটি পারিশ্রমিক পেলেন এই খলনায়ক?



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ভারতীয় সিনেমায় প্রথম সারির নায়কেরা প্রায়শই ১০০ কোটি টাকা পারিশ্রমিক নেন। যদিও ২০০ কোটির অঙ্ক ছুঁতে পেরেছেন হাতে গোনা কয়েকজন। তবে ভিলেন হয়ে নায়কের থেকেও বেশি পারিশ্রমিক নেওয়ার ঘটনা বেশ কম। ভারতীয় সিনেমার ইতিহাসে এমন নজির আগে দেখা যায়নি। কিন্তু এবার সেই অসম্ভবকে সম্ভব করলেন কন্নড় সুপারস্টার যশ।

'কেজিএফ' সিরিজের মাধ্যমে সারা ভারতে জনপ্রিয়তা অর্জন করা যশ সম্প্রতি নীতীশ তিওয়ারি পরিচালিত 'রামায়ণ' ছবিতে রাবণের ভূমিকায় অভিনয় করেছেন। ছবিতে রামের চরিত্রে রয়েছেন রণবীর কাপুর। এই ছবিতে অভিনয়ের পাশাপাশি যশ সহ-প্রযোজকের ভূমিকায় রয়েছেন, আর সেই কারণেই অভিনয়ের পারিশ্রমিক এবং ডিস্ট্রিবিউশন শেয়ারের মাধ্যমে তিনি আয় করেছেন ২০০ কোটি রুপিরও বেশি।


এই পরিসংখ্যানে যশ পেছনে ফেলে দিয়েছেন অনেক প্রথম সারির তারকাকে। উদাহরণস্বরূপ, বর্ষীয়ান অভিনেতা কমল হাসান সাম্প্রতিক সময়ে ক্যামিও চরিত্রে অভিনয় করে ২৫-৪০ কোটি টাকা আয় করেছেন। শাহরুখ খান, যিনি জওয়ানের জন্য ২০০ কোটি রুপি পারিশ্রমিক নিয়েছিলেন, তিনিও অতীতে বেশিরভাগ সিনেমার জন্য ১৫০ কোটির আশেপাশে পারিশ্রমিক নিয়েছেন। সালমান খান এবং আমির খানও বিগত কয়েক বছরে তাদের সেরা ছবিগুলোর জন্য ১৫০ কোটি রুপির বেশি পাননি।

এমনকি দক্ষিণী সুপারস্টারদের মধ্যে প্রভাস, যিনি ১২০-১৫০ কোটির পারিশ্রমিক নেন, তিনিও এখনো ২০০ কোটির মাইলফলক ছুঁতে পারেননি।

## কৌশানীকে খুঁজে পেলেন সৃজিত

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

২০১২ সালে মুক্তি পেয়েছিল সৃজিত মুখোপাধ্যায়ের ছবি 'হেমলক সোসাইটি'। সেখানে মূল ভূমিকায় অভিনয় করেছিলেন পরমব্রত চট্টোপাধ্যায় ও কোয়েল মল্লিক। ছবিটি সে সময় দারুণ হিট হয়েছিল। শুধু ভারতে নয়, বাংলাদেশের দর্শকের হৃদয়ও ছুঁয়ে গিয়েছিল। ছবির গানগুলোও তুমুল জনপ্রিয়তা পেয়েছিল। গানগুলোর মধ্যে অনুপম রায়ের 'এখন অনেক রাত', রূপঙ্কর বাগচী এবং লোপামুদ্রা মিত্রর 'আমার মতে' এবং রূপম ইসলামের 'ফিরিয়ে দেওয়ার গান' ফিরেছে মানুষের মুখে মুখে। আগেই জানা গিয়েছিল হেমলক সোসাইটির সিক্যুয়েল আনতে চলেছেন পরিচালক সৃজিত। এবারেও মূল চরিত্র আনন্দ করের



কৌশানী মুখোপাধ্যায়

চরিত্রায়ণ করবেন পরমব্রত চট্টোপাধ্যায়।

কদিন আগে পরিচালক সৃজিত জানিয়েছিলেন, সিক্যুয়েলের জন্য তিনি মনের মতো নায়িকা খুঁজে পাচ্ছেন না। কেননা আগের নায়িকা কোয়েল মল্লিক থাকছেন না সিক্যুয়েলে। কিছুদিন আগেই ছেলের মা হওয়ায় আপাতত তার কথা চিন্তা করছেন না পরিচালক। তবে নতুন খবর হলো, নায়িকা খুঁজে পেয়েছেন সৃজিত। পরমব্রতের নায়িকা হিসেবে সিক্যুয়েলটিতে দেখা যাবে পশ্চিমবঙ্গের নায়িকা কৌশানী মুখোপাধ্যায়কে।

হেমলক সোসাইটির সিক্যুয়েলের নাম কী থাকবে তা এখনও জানা যায়নি। তবে সমাজমাধ্যমে গুঞ্জন রয়েছে সিক্যুয়েলটির নাম হতে পারে 'কিলবিল সোসাইটি'। হেমলক সোসাইটিতে আত্মহত্যা-জীবনসচেতনতা এবং ভালোবাসা হাত ধরাধরি করে এগিয়েছে। অস্তিত্বসংকটের পাশাপাশি জীবনে ফেরার ডাক দেয় সেই সিনেমা।

এখন সৃজিত ব্রাত্য বসুর নাটক অবলম্বনে যে সিনেমা করছেন, সেই 'উইঙ্কল টুইঙ্কল'-এর কাজ শেষ করবেন। তারপর হেমলক সোসাইটি নিয়ে মাঠে নামবেন তিনি।

## কঙ্গনার সিনেমায় বঙ্গবন্ধু, অভিনেতা কে?



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বলিউডের আলোচিত-সমালোচিত অভিনেত্রী কঙ্গনা রানাউত নির্মিত ও অভিনীত 'ইমার্জেন্সি' এক সপ্তাহ আগে মুক্তি পেয়েছে। এতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের চরিত্রে অভিনয় করেছেন টালিউড অভিনেতা ঋষি কৌশিক। তবে শুরু থেকে এ নিয়ে কোনো কথা বলেননি তিনি। সিনেমাটি মুক্তির এক সপ্তাহ পরে নিজের লুক শেয়ার করেছেন ঋষি। পাশাপাশি এই চরিত্র ও কঙ্গনার সঙ্গে কাজের অভিজ্ঞতাও জানিয়েছে তিনি।

২০২২ সালে কঙ্গনার প্রযোজনা প্রতিষ্ঠান ঋষির কিছু ছবি চেয়েছিল। পরে তিনি জানতে পারেন, বঙ্গবন্ধুর চরিত্রে তাকে নির্বাচন করা হয়েছে। ঋষি বলেন, আমি খুবই অবাক হয়েছিলাম। কারণ আমার চেহারার সঙ্গে বঙ্গবন্ধুর কোনো মিল নেই।

চরিত্রের লুকসেট করতে একদিনের জন্য মুম্বাই পাড়ি দেন ঋষি। তিনি বলেন, মেকআপের পর নিজেকে চিনতে পারছিলাম না। মেকআপ শিল্পীরা জানান, তারা ৯০ শতাংশ লুক মিলিয়ে দিয়েছেন।


বৃহস্পতিবার (২৩ জানুয়ারি) সোশ্যাল মিডিয়ায় বঙ্গবন্ধুর লুকে নিজের কয়েকটি ছবি পোস্ট করেছেন ঋষি। অভিনেতা জানান, প্রস্থেটিক রূপটানের জন্য প্রায় তিন ঘণ্টা লাগতো। দিল্লি ছাড়া আসামে সিনেমাটির শুটিং করেছি। কিন্তু এখনো ছবিটি দেখিনি। তবে পরিচিতদের থেকে প্রতিক্রিয়া পাচ্ছি। যারা আগে থেকে জানতেন তারা ছবি দেখে প্রশংসা করছেন। আবার অনেকেই আমাকে দেখে চিনতেও পারেননি। বিষয়টি বেশ মজার।

সিনেমাটিতে ইন্দিরা গান্ধীর চরিত্রে অভিনয় করেছেন কঙ্গনা। কিন্তু তার সঙ্গে ঋষির কোনো দৃশ্য ছিল না। তবে নির্মাতা কঙ্গনাকে ফ্লোরে সবসময় পেয়েছিলেন তিনি। অভিনেতা বলেন, অসাধারণ একজন মানুষ কঙ্গনা। পরে ইউনিটের থেকেই জানতে পারি, বঙ্গবন্ধুর চরিত্রের জন্য তিনিই আমাকে নির্বাচন করেছেন।

# রিয়ালে ভিনির ১০১, হুমকির মুখে রোনালদোর রেকর্ড

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**






সালজবুর্গের বিপক্ষে সান্তিয়াগো বার্নাব্যুতে রিয়াল মাদ্রিদ আবার যেন নিজেদের জাত চেনালো। প্রথমার্ধের ২৩ মিনিট পর্যন্ত নিষ্প্রভ হয়ে থাকা লস ব্লাঙ্কোসরা শেষ পর্যন্ত একে একে সালজবুর্গের জালে বল ঠেলেছে ৫ বার। যেখানে ভিনিসিয়ুস জুনিয়র একাই করেছেন দুই গোল।

এদিন দুই গোল করার পথে একটা রেকর্ডও গড়েছেন ভিনি। রিয়ালের জার্সিতে গোলের সেঞ্চুরি স্পর্শ করেছেন তিনি। ম্যাচের আগে তার গোল সংখ্যা ছিল ৯৯। দুই গোল করায় ক্লাবটির হয়ে এখন তার সর্বমোট গোল সংখ্যা ১০১।

লস ব্লাঙ্কোসদের হয়ে এখন দ্বিতীয় সর্বোচ্চ ব্রাজিলিয়ান গোলদাতা ভিনি। ব্রাজিলের হয়ে রিয়ালের জার্সিতে তার চেয়ে বেশি গোল আছে শুধু মাত্র রোনালদোর। কিংবদন্তি এই স্ট্রাইকারের রেকর্ড ভাঙাই এখন ভিনির লক্ষ্য। হতে চান ক্লাবটির ইতিহাসের সেরা ব্রাজিলিয়ান গোলদাতা।

ভিনি বলেন, 'এই জার্সিতে গোল করতে পারলেই খুশি থাকি আমি। এই জার্সিতে সবচেয়ে বেশি গোল করা ব্রাজিলিয়ান রোনালদো। তার চেয়ে তিন গোল পিছিয়ে আছি। আশা করি, আরও গোল করতে পারব আমি।'

রিয়ালের হয়ে দুটি চ্যাম্পিয়ন্স লিগ জিতেছেন ভিনি। গোল করেছেন দুটিরই ফাইনালে। এছাড়াও তিনটি লা লিগাসহ মোট ১৪ ট্রফি তিনি জিতে ফেলেছেন ২৪ বছর বয়সেই।

অন্যদিকে ২০০২ থেকে ২০০৭ পর্যন্ত রিয়ালে খেলে রোনালদোর গোল ১০৪টি। পুরো ক্যারিয়ারের মতো এই ক্লাবেও চোট তাকে বেশ ভুগিয়েছে। তারপরও স্প্যানিশ ক্লাবটির হয়ে এখনও পর্যন্ত সফলতম ব্রাজিলিয়ান ফুটবলার তিনি।

# ১০ জনের মহামেডানকে চার গোল, শিল্ডের আরও কাছে মোহনবাগান....




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

একটা দল লিগ টেবিলের শীর্ষে, আর একটা দল সবার শেষে। 'ডার্বি' বলা হলেও দুটো দলের পরিস্থিতির বিস্তর তফাৎ। মোহনবাগান যেখানে লিগ শিল্ডের দিকে হাত বাড়াচ্ছে, সেখানে চূড়ান্ত ডামাডোল মহামেডানে। তার মধ্যে কোচ চেরনিশভ 'ছুটি'তে অনুপস্থিত। এই পরিস্থিতিতে ম্যাচের ফলাফল যা হতে পারে, ঠিক তাই হল। মহামেডানকে ৪-০ গোলে হারাল মোহনবাগান। দুটি করে গোল অধিনায়ক শুভাশিস ও মনবীরের।

যুবভারতীতে এদিন শুরু থেকেই খেলার নিয়ন্ত্রণ ছিল সবুজ-মেরুনের ফুটবলারদের পায়ে। এদিন প্রথম দলে ছিলেন না আলবার্তো রদ্রিগেজ। সেখানে শুরু করেন বঙ্গসন্তান দীপেন্দু বিশ্বাস। তিনি তো নজর কাড়লেনই, তবে এদিনের নায়ক আরেক বঙ্গসন্তান। তিনি মোহনবাগানের অধিনায়ক শুভাশিস বোস। মরশুমের শুরুর দিকে সমালোচনার শিকার হয়েছিলেন। কিন্তু তারপর শুধু ডিফেন্স নন, আক্রমণে উঠে এসে গোল করে দলকে জিতিয়েছেন। এদিন মহামেডানকে গোলের মালা শুরু হল তাঁর পা দিয়েই। আর তার অ্যাসিস্ট দীপেন্দুর। সাদা-কালো ডিফেন্ডারদের বোকা বানিয়ে গোলের সামনে পৌঁছে গিয়েছিলেন শুভাশিস। ফাঁকায় বল পেয়ে জালে জড়িয়ে দিতে ভুল করেননি তিনি।

দ্বিতীয় গোল এল ৮ মিনিট পরে। কামিংসের বিষাক্ত কর্নার যখন বক্সে ভেসে আসছে তখন মনবীর একেবারেই অরক্ষিত। মহামেডানের গোলকিপার পদম ছেত্রী এগিয়ে এসেও মনবীরের গোল আটকাতে পারেননি। তারপর অবশ্য খেলায় কিছুটা ফেরার চেষ্টা করে মেহরাজউদ্দিন ওয়াড্ডুর দল। কিন্তু একা অ্যালেক্সিস গোমেজ আর কত করবেন? সারা মাঠ জুড়ে খেললেন। অনেকগুলো ক্রস তুললেন। কিন্তু সুযোগ পেয়েই মোহনবাগানকে ফের এগিয়ে দিলেন শুভাশিস। ম্যাচের বয়স তখন ৪৩ মিনিট। বক্সের মধ্যে ম্যাকলারেনের ফ্লিক পাস মহামেডান ডিফেন্ডারদের স্তব্ধ করে দেয়। সেই সুযোগ নিজের দ্বিতীয় ও দলের তৃতীয় গোলটি করে যান মোহনবাগানের অধিনায়ক।

অবশ্য তার একটু পরেই ব্যবধান কমাতে পারত মহামেডান। তাদের স্ট্রাইকার মনবীরের শট বাজপাখির মতো ঝাঁপিয়ে আটকান গোলকিপার বিশাল কাইথ। অবশ্য 'বিপদ কখনও একা আসে না'। একে তো ৩ গোল হজম করে বিপাকে মহামেডান। তার মধ্যে প্রথমার্ধ শেষের ঠিক আগে অলড্রেডকে বল ছাড়া লাথি মেরে সরাসরি লাল কার্ড দেখেন কাসিমোভ। ম্যাচ একপ্রকার তখনই শেষ হয়ে যায়। ৫৩ মিনিটে 'কফিনে' শেষ পেরেকটি পুঁতে দেন মনবীর। এবারও কামিংসের ক্রস এবং অরক্ষিত অবস্থায় মনবীরের হেড। 'ডার্বি'তে চেনা ছন্দে দেখা গেল কামিংসকে। তারপরও অবশ্য গোলের ব্যবধান বাড়াতে পারত মোহনবাগান। যে কারণে পেত্রাতোসকেও নামান মোলিনা। কিন্তু পেত্রাতোস ও ম্যাকলারেন, দুজনেই সহজ সুযোগ নষ্ট করেন। ৪-০ গোলে জেতা ম্যাচে হয়তো মোলিনাকে এই একটা ব্যাপারই দুশ্চিন্তায় ফেলতে পারে। এই জয়ের ফলে ১৯ ম্যাচে মোহনবাগানের পয়েন্ট দাঁড়াল ৪৩। অন্যদিকে দ্বিতীয় স্থানে থাকা গোয়ার দুম্যাচ কম খেলে সংগ্রহ ৩৩। ফলে 'ডার্বি' জিতে লিগ শিল্ডের দৌড়ে অনেকটাই এগিয়ে রইল মোহনবাগান। আর সেখানে ১৮ ম্যাচে ১১ পয়েন্ট নিয়ে সবার শেষেই রইল মহামেডান।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR